নবাগত পুলিশ সুপারের চমক: ৪ ডাকাত আটক, উদ্ধার হলো লুটকৃত টাকা

চেম্বার ডেস্ক:: সিলেটের গোয়াইনঘাট উপজেলার সালুটিকর মো. রিয়াজ উদ্দিন (২৭) গত ৩ আগস্ট রাত ১১টায় তার ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে বড় ভাইয়ের ব্যবসা প্রতিষ্ঠান সামসুদ্দিন ভেরাইটিজ স্টোরে যাওয়ার পথে দুটি মোটরসাইকেল করে ৩-৪ জন অজ্ঞাতনামা যুবক অস্ত্রের মুখে জিম্মি করে তার ব্যবসায়িক লেনদেনের টাকা পয়সা লুটে নিয়ে যায়।

এ ঘটনায় ৪ আগস্ট মো. রিয়াজ উদ্দিন গোয়াইনঘাট থানায় লিখিত অভিযোগ দাখিল করেন। এবং পরবর্তীতে তা ডাকাতি মামলা হিসেবে রুজু করা হয়। মামলাটি দীর্ঘদিন থানা পুলিশের নিকট তদন্তাধীন থাকার পর সিলেট জেলার নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন মামলাটির প্রতি বিশেষ গুরুত্বারোপের জন্য জেলা গোয়েন্দা শাখা (উত্তর) এর নিকট হস্তান্তর করেন।

জেলা গোয়েন্দা শাখার চৌকস টিম বিভিন্ন তথ্য উপাত্ত বিশ্লেষণ ও তথ্য প্রযুক্তির সহায়তায় শুক্রবার (২ সেপ্টেম্বর) ভোরে সিলেট শহরের বিভিন্ন এলাকা হতে আব্দুর রহমানের ছেলে ইসতিয়াক আহমেদ রাজু (৩১), মৃত তজম্মুল আলীর ছেলে শামীম আহমদ (৩০),আব্দুল কাদিরের ছেলে সৈয়দ মুহিত আহমদ রনি (৩০) ও মৃত সাদিকুর রহমানের ছেলে শুভ রহমান (১৯) – কে আটক করে।

জেলা গোয়েন্দা অফিস সূত্রে জানাইয়, গোয়েন্দা পুলিশের জিজ্ঞাসাবাদে আটককৃত আসামিরা ঘটনার সাথে সংশ্লিষ্টতার বিষয়টি স্বীকার করে। তাছাড়া আসামিদের আদালতে প্রেরণ করা হলে আসামি শামীম আহমদ এবং শুভ রহমান আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি ও মিডিয়া) মো. লুৎফর রহমান বলেন, পুলিশ সুপারের নিদের্শনা অনুসারে জেলা গোয়েন্দা শাখার কার্যক্রম গতিশীল করতে ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আদালতের অনুমতি সাপেক্ষে আসামীদের পুলিশ হেফাজতে এনে নিবিড় জিজ্ঞাসাবাদের মাধ্যমে অপরাধের সাথে আর

কারো সংশ্লিষ্টতা ছিল কিনা সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয়।